ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮

(২০১৮ সনের ১০ নং আইন)

[১২ ফেব্রুয়ারি, ২০১৮]

বাংলাদেশের জনগণের জীবনমান দ্রুত উন্নয়নের স্বার্থে দেশি ও বিদেশি বিনিয়োগ পরিকল্পনা দ্রুত বাস্তবায়নকল্পে বিনিয়োগকারীগণকে তাহাদের প্রস্তাবিত কোনো প্রকল্প বা উদ্যোগ এর জন্য প্রয়োজনীয় যে কোনো সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, ছাড়পত্র বা পারমিট নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু বাংলাদেশের জনগণের জীবনমান দ্রতু উন্নয়নের স্বার্থে দেশি ও বিদেশি বিনিয়োগ পরিকল্পনা দ্রুত বাস্তবায়নকল্পে বিনিয়োগকারীগণকে তাহাদের প্রস্তাবিত কোনো প্রকল্প বা উদ্যোগ এর জন্য প্রয়োজনীয় যে কোন সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, ছাড়পত্র বা পারমিট নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান নিশ্চিতকরণার্থে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

১। (১) এই আইন ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) ‘‘আঞ্চলিক ওয়ান স্টপ কেন্দ্র’’ অর্থ ধারা ৫ এর উপ-ধারা (১) এ উল্লিখিত আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র;

(২) ‘‘ওয়ান স্টপ সার্ভিস’’ অর্থ এই আইনের অধীন কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক কেন্দ্র কর্তৃক তপশিল-খ তে বর্ণিত কোনো সেবা প্রদানের প্রক্রিয়া;

(৩) ‘‘কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ’’ অর্থ ধারা ৪ এর উপ-ধারা (১) এ উল্লিখিত কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ;

(৪) ‘‘তপশিল’’ অর্থ এই আইনের নিম্নবর্ণিত কোন তপশিল, যথা :-

(ক) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের তালিকা তপশিল-ক; এবং

(খ) সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, ছাড়পত্র বা পারমিট প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ এবং সেবাসমূহের তালিকা তপশিল-খ;

(৫) ‘‘নির্ধারিত’’ অর্থ বিধি দ্বারা নির্ধারিত;

(৬) ‘‘ফোকাল পয়েন্ট’’ অর্থ ধারা ৪ এর উপ-ধারা (৫) এর অধীন সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, ছাড়পত্র বা পারমিট প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কোনো ব্যক্তি; এবং

(৭) ‘‘সেবা, সুবিধা, প্রণোদনা, অনুমতি, ছাড়পত্র বা পারমিট প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ’’ অর্থ তপশিল-খ এ উল্লিখিত সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, ছাড়পত্র বা পারমিট প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ।

আইনের প্রাধান্য

৩। (১) আপাতত বলবৎ অন্য কোনো আইনে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, কোনো দেশি ও বিদেশি বিনিয়োগ, প্রকল্প বা উদ্যোগ বাস্তবায়ন ও পরিচালনার ক্ষেত্রে এই আইনের অধীন ওয়ান স্টপ সার্ভিস সম্পর্কিত বিধানাবলি নিম্নবর্ণিত অবস্থাধীনেও কার্যকর থাকিবে, যথাঃ-

(ক) অন্য কোনো আইনের অধীন সেবা প্রদানের ক্ষেত্রে;

(খ) সুবিধা ও প্রণোদনা প্রদানের ক্ষেত্রে;

(গ) কোনো কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক লাইসেন্স, অনুমতি, পারমিট, ছাড়পত্র, উহা যে নামেই অভিহিত হউক না কেন, প্রদানের ক্ষেত্রে;

(ঘ) দফা (ক) হইতে (গ) এ উল্লিখিত হয় নাই সরকার কর্তৃক নির্ধারিত এইরূপ কোনো ক্ষেত্রে।

(২) এই আইনের অধীন কোনো সেবা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট, ছাড়পত্র, উহা যে নামেই অভিহিত হউক না কেন, প্রদানের ক্ষেত্রে আপাতত বলবৎ অন্য কোনো আইন বা আইনের বিধান যদি এই আইনের সহিত অসামঞ্জস্যপূর্ণ হয়, তাহা হইলে সেই আইন বা আইনের বিধান যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি অকার্যকর বলিয়া গণ্য হইবে।

কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ, ইত্যাদি

৪। (১) তপশিল-ক এ উল্লিখিত যে কোনো সংস্থা যে আইন বা আইনগত দলিল দ্বারা প্রতিষ্ঠিত উহার কার্যপরিধিভুক্ত যে কোন প্রকল্প বা উদ্যোগ বাস্তবায়নের জন্য কোনো উদ্যোক্তা বা বিনিয়োগকারীকে প্রয়োজনীয় যে কোনো সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট, ছাড়পত্র, উহা যে নামেই অভিহিত হউক না কেন, নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের জন্য কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বলিয়া গণ্য হইবে।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট বা ছাড়পত্র প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষের ফোকাল পয়েন্ট সমন্বয়ে, নির্ধারিত পদ্ধতিতে, গঠিত হইবে।

(৩) তপশিল-ক এ উল্লিখিত সংস্থার প্রধান নির্বাহী কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষেরও প্রধান নির্বাহী হিসাবে গণ্য হইবেন।

(৪) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নির্ধারিত পদ্ধতি ও সময়সীমা অনুসরণে সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট বা ছাড়পত্র প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষের নির্দিষ্টকৃত ফি আদায় সাপেক্ষে, ও সময়সীমা অনুযায়ী সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট, ছাড়পত্র, উহা যে নামেই অভিহিত হউক না কেন, প্রদান নিশ্চিত করিবে।

(৫) সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট বা ছাড়পত্র প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী নির্ধারিত পদ্ধতিতে নিজ সংস্থার উপযুক্ত কর্মচারীকে ফোকাল পয়েন্ট নির্ধারণ করিবে, যিনি এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের সদস্য হিসেবে গণ্য হইবেন এবং তিনি নিজ সংস্থা বা কর্তৃপক্ষের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ও সংশ্লিষ্ট কার্য সম্পাদন করিবার অধিকারী হইবেন :

তবে শর্ত থাকে যে, উক্তরূপ ক্ষমতাপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কোনো বিশেষ কারণে কোনো কার্য সম্পাদন করিতে সক্ষম না হইলে তাৎক্ষণিকভাবে তাহার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা সংস্থাকে অবহিত করিবে এবং সেইক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ বা সংস্থা দ্রুততম সময়ের মধ্যে চাহিত সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট, ছাড়পত্র, উহা যে নামে অভিহিত হউক না কেন, প্রদান করিবে।

আঞ্চলিক কেন্দ্র

৫। (১) সরকার, তপশিল-ক এ উল্লিখিত কোনো সংস্থার প্রস্তাব বিবেচনাক্রমে, প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত অঞ্চলের জন্য উক্ত সংস্থার আওতাধীন সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট বা ছাড়পত্র প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক ফোকাল পয়েন্ট সমন্বয়ে আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠন করিতে পারিবে।

(২) আঞ্চলিক কেন্দ্র ওয়ান স্টপ সার্ভিস পদ্ধতিতে সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট, ছাড়পত্র, উহা যে নামেই অভিহিত হউক না কেন, প্রদানের জন্য দায়িত্ব পালন করিবে।

ওয়ান স্টপ সার্ভিসের সুবিধা গ্রহণ

৬। (১) কোনো উদ্যোক্তা বা প্রকল্প বাস্তবায়নকারী ওয়ান স্টপ সার্ভিসের সুবিধা গ্রহণ করিতে চাহিলে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতিতে আবেদন করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ আবেদনপত্রটি উহার সভায় উপস্থাপন করিবে এবং আবেদনকারী কর্তৃক চাহিত প্রয়োজনীয় সেবা, সুবিধা ও প্রণোদনা (প্রযোজ্য ক্ষেত্রে), লাইসেন্স, অনুমতি, পারমিট, ছাড়পত্র, উহা যে নামেই অভিহিত হউক না কেন, প্রদানপূর্বক নির্ধারিত পদ্ধতি অনুসরণে উহা নিষ্পত্তি করিবে।

(৩) আবেদনকারী আবেদন দাখিলের পূর্বে তাহার প্রস্তাবিত উদ্যোগ বা প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট, ছাড়পত্র, উহা যে নামেই

অভিহিত হউক না কেন, বিষয়ে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারীর সহিত আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিকভাবে বিস্তারিত আলোচনা ও তথ্য আদান-প্রদান করিতে পারিবে।

(৪) আবেদনকারীকে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক কেন্দ্র ব্যতীত অন্য কোনো সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট বা ছাড়পত্র প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষের নিকট পৃথক কোনো আবেদন করিতে হইবে না:

তবে শর্ত থাকে যে, কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ আবেদনপত্রে চাহিত সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট বা ছাড়পত্র প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতি অনুসরণে কাগজাদি প্রেরণ করিবে, যাহা সংশ্লিষ্ট সংস্থা উহার দাপ্তরিক রেকর্ডের জন্য ব্যবহার করিতে পারিবে।

ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটি

৭। (১) এই আইনের অধীন ওয়ান স্টপ সার্ভিস কার্যক্রম তদারকির জন্য সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, একজন মন্ত্রীকে প্রধান করিয়া প্রজ্ঞাপনে উল্লিখিত সংখ্যক সদস্য সমন্বয়ে ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটি নামে একটি কমিটি গঠন করিতে পারিবে।

(২) ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকরণ কমিটির কার্যপরিধি উক্ত প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত হইবে।

ওয়ান স্টপ সার্ভিস প্রদানের দায়বদ্ধতা

৮। (১) আঞ্চলিক কেন্দ্র উহার সম্পাদিত কার্যাবলি সম্পর্কে ত্রৈমাসিক ভিত্তিতে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের নিকট এবং কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ উহার নিজের এবং আঞ্চলিক কেন্দ্রের সম্পাদিত কার্যক্রম সম্পর্কে ষান্মাসিক ভিত্তিতে সরকারের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

(২) সরকার প্রতিবেদন পর্যালোচনায় কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ, আঞ্চলিক কেন্দ্র এবং সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট বা ছাড়পত্র প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ বা উহার ফোকাল পয়েন্টের কার্য সম্পাদনে অবহেলা, অনীহা বা অনিয়মের উপাদান রহিয়াছে মর্মে নিশ্চিত হইলে ধারা ৯ এর অধীন ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(৩) সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা পালনে সংশ্লিষ্ট সংস্থা বা কর্তৃপক্ষ দ্রুত ব্যবস্থা গ্রহণ করিবে এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে সরকারকে অবহিত রাখিবে।

জবাবদিহিতা

৯। (১) আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোনো ফোকাল পয়েন্ট এই আইনের অধীন নির্দিষ্ট সময়ের মধ্যে তাহার উপর অর্পিত দায়িত্ব পালন বা কার্য সম্পাদন না করিলে উহা তাহার অদক্ষতা ও অসদাচরণ বলিয়া গণ্য হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন কোনো ফোকাল পয়েন্টের বিরুদ্ধে অদক্ষতা ও অসদাচরণ পরিলক্ষিত হইলে, কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক কেন্দ্র উক্ত ফোকাল পয়েন্টের

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থাকে এতদ্‌সম্পর্কে অবহিত করিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন অবহিত হইবার পর উক্ত ফোকাল পয়েন্টের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থা তাহার বিরুদ্ধে কর্তব্যে অবহেলার জন্য প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

তপশিল সংশোধনের ক্ষমতা

১০। সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোনো তপশিল সংশোধন করিতে পারিবে।

বিধি প্রণয়নের ক্ষমতা

১১। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীনে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত ওয়ান স্টপ সার্ভিস কার্যক্রম ত্বরান্বিত ও নিশ্চিত করিবার লক্ষ্যে সরকার এই আইনের উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোনো সাধারণ বা বিশেষ আদেশ প্রদান করিতে পারিবে।

অসুবিধা দূরীকরণ

১২। এই আইনের বিধান অনুযায়ী ওয়ান স্টপ সার্ভিস প্রদানের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে, সেবা, সুবিধা, প্রণোদনা, লাইসেন্স, অনুমতি, পারমিট বা ছাড়পত্র প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষের সহিত পরামর্শক্রমে, উক্তরূপ অসুবিধা দূরীকরণার্থে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোনো ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ

১৩। (১) এই আইন কার্যকর হইবার পর, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

Copyright © 2019, Legislative and Parliamentary Affairs Division

Ministry of Law, Justice and Parliamentary Affairs